সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/ ৩৬

তারিখঃ ২৩ ফেব্রুয়ারি, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ চট্টগ্রাম বন্দর থেকে আমদানিকৃত মালামাল দ্রুত ডেলিভারী নেয়া প্রসঙ্গে।**

**সূত্রঃ** চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্র নং-টিএম/এফসিএল/দ্রুত/ডেলিভারী/২৬/৪৪৪ তারিখঃ ১৭/০২/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। সূত্রোক্ত পত্র মারফত জানা যায় যে, গত ১৭/২/২০২৬ইং তারিখে চট্টগ্রাম বন্দরে ৩৮,২০০ টিইউএস আমদানিকৃত এফসিএল কন্টেইনার এবং শেড/সিএফএস সমূহে এলসিএল কার্গো পরিপূর্ণভাবে সংরক্ষিত আছে খালাসের জন্য। এ সকল আমদানিকৃত পণ্যের একটি বড় অংশ বিজিএমইএর' সদস্য প্রতিষ্ঠানের। কার্গো খালাস নেয়ার গতি কম থাকার কারণে কার্গোর জট বেধে যাচ্ছে। ফলে আমদানিকৃত নতুন পণ্য সংরক্ষণ করার জায়গা পাওয়া যাচ্ছে না। পবিত্র লাইলাতুল কদরের ছুটিতে ৮ ঘন্টা ও ঈদ-ফিতরের ছুটিতে ঈদের দিন ১৬ ঘন্টা বন্ধ ছাড়া ২৪/৭ দিন বন্দর কর্তৃপক্ষ সকল কার্যক্রম চালিয়ে যায়। কিন্তু ঈদের ৭ থেকে ১০ দিন ছুটিকালিন সময়ে জাহাজ থেকে পণ্য খালাস হলেও আমদানিকারক কর্তৃক পণ্য ডেলিভারী নেয়া আশংকাজনকভাবে কমে যায়।

এমতাবস্থায়, আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য ঈদের পূর্বে সম্পূর্ণরূপে খালাস করার নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

২৩/২/২৬

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ সূত্রমতে ১(এক) পাতা।

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
## টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

একই তারিখ ও স্মারক নম্বরে প্রতিস্থাপিত।

নং-টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২৬/৪৪৪ তারিখ ঃ ১৭-০২-২০২৬ ইং।

বরাবরে
সভাপতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী নং-৭/৭এ,
ব্লক নং-এইচ-১, সেক্টর-১৭,
উত্তরা, ঢাকা।

বিষয় ঃ চট্টগ্রাম বন্দর থেকে আমদানীকৃত মালামাল দ্রুত ডেলিভারী নেয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরে অদ্য ১৭-০২-২০২৬ ইং তারিখে ৩৮,২০০ টিইইউএস আমদানীকৃত এফসিএল কন্টেইনার এবং শেড/সিএফএস সমূহে এলসিএল কার্গো পরিপূর্ণভাবে সংরক্ষিত রয়েছে। এ সকল কন্টেইনার এবং কার্গো এর একটি বড় অংশ বিজিএমইএ এর সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত। শেড/সিএফএস সমূহে রক্ষিত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী না নেয়ায় শেডে নতুন ভাবে আপনাদের সদস্য প্রতিষ্ঠান সমূহ কর্তৃক আমদানীকৃত এলসিএল কন্টেইনারের মালামাল পর্যাপ্তরুপে আনস্টাফিং করে সংরক্ষণ করা যাচ্ছে না। এতে আনস্টাফিং এর অপেক্ষায় থাকা এলসিএল কন্টেইনারের সংখ্যা বেড়ে যাচ্ছে। এছাড়া, পবিত্র রমজান উপলক্ষ্যে আমদানীর পরিমাণ অন্য সময়ের তুলনায় বেড়ে যায়। পবিত্র লাইলাতুল কদরের ছুটিতে শুধুমাত্র ৮ ঘন্টা এবং ঈদুল ফিতরের ছুটিতে ঈদের দিন মাত্র ১৬ ঘন্টা বন্ধ ছাড়া সর্বদা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ২৪/৭ দিন কার্গো/কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে চালিয়ে যাচ্ছে। কিন্তু অতীতে লক্ষ্য করা গিয়েছে যে, ঈদের ছুটিকালীন ৭ থেকে ১০ দিন সময়ে জাহাজ থেকে পণ্য খালাস শতভাগ অব্যাহত থাকলেও বন্দর থেকে কার্গো/কন্টেইনার ডেলিভারীর সংখ্যা আশংকাজনকভাবে কমে যায়। ফলে বন্দরে জাহাজ থেকে খালাসকৃত কন্টেইনার/কার্গো সংরক্ষণের স্থান সংকট দেখা দেয়, যা জাহাজের স্বাভাবিক খালাস কার্যক্রম ও সেইলিং ব্যহত করে।

এমতাবস্থায়, পবিত্র রমজান মাসে আপনাদের সদস্য প্রতিষ্ঠান কর্তৃক গোডাউন খোলা রেখে বন্দর থেকে আমদানীকৃত মালামাল ডেলিভারী কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মাধ্যমে বিজিএমইএ সদস্য প্রতিষ্ঠান সমূহকে অনুরোধ করা গেল।

এতে যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদন রয়েছে।

17/02

সহঃ টার্মিনাল ম্যানেজার (প্রশাঃ)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ জেষ্ঠ্যতার ভিত্তিতে নয় (সদয় অবগতির জন্য দেয়া গেল)

১। সকল সদস্য, চবক।
২। পিএস টু মাননীয় উপদেষ্টা, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। পিএস টু সিনিয়র সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। পরিচালক (ট্রাফিক), চবক।
৫। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৬। প্রশাসক, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৭। প্রশাসক, দি ফেডারেল অব কমার্স চেম্বার এন্ড ইন্ডাষ্ট্রিজ (এফবিসিসিআই), ৬০, মতিঝিল, ঢাকা।
৮। প্রথম সহ-সভাপতি (বিজিএমইএ), বিজিএমইএ ভবন, (লেভেল ৪ ও ৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
৯। প্রশাসক, বিকেএমইএ, চেম্বার ভবন (৫ম তলা), ৩৮, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১০। প্রেসিডেন্ট, চিটাগাং মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, ১২২-১২৪, মতিঝিল, ঢাকা।
১১। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, ষ্টক এক্সচেঞ্জ বিল্ডিং, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১২। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডাস্ এসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৩। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন, আক্তারুজ্জামান সেন্টার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৪। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, এসএইচ টাওয়ার, বাদামতলী, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ,চট্টগ্রাম।

স্বাক্ষরিত/-
সহঃ টার্মিনাল ম্যানেজার (প্রশাঃ)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

Scanned with CamScanner